দৈনিক
ইত্তেফাক

তারিখ ··· 14 JAN 2016 ···
পৃষ্ঠা ··· ৫ ··· কলাম ···· ৪ ······

# রাবি উপাচার্যের সঙ্গে ভারতীয় সহকারী হাই কমিশনারের সাক্ষাৎ

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহীতে ভারতের নবনিযুক্ত সহকারী হাই কমিশনার অভিজিৎ চট্টোপাধ্যায় গতকাল বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এদিন দুপুরে উপাচার্যের অফিসে সাক্ষাৎকালে তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমসহ পারস্পরিক আগ্রহ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। সহকারী হাই কমিশনার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমসহ সাংস্কৃতিক কর্মকাণ্ডে ভারত সরকার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সহযোগিতা প্রদানের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। উপাচার্য সে প্রস্তাবকে স্বাগত জানান। এ সময় সেখানে উপ-উপাচার্য প্রফেসর চৌধুরী সারওয়ার জাহান, কোষাধ্যক্ষ প্রফেসর সায়েন উদ্দিন আহমদ, রেজিস্ট্রার প্রফেসর মু. এন্তাজুল হক, সিন্ডিকেট সদস্য অধ্যাপক মো. উজ্জল হোসেন, হিসাব পরিচালক আশরাফুল-উল-হুদা, ছাত্র-উপদেষ্টা প্রফেসর মো. ছাদেকুল আরেফিন, প্রক্টর প্রফেসর মো. তারিকুল হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।